

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সদর ভূমি অফিস  
খুলনা সদর, খুলনা।

স্মারক নং-৪১.৪৪.৪৭৫১.০০১১৩.০০২.১৯-

১৩৭/২ যুক্ত/ভূমি

তারিখঃ

বৈশাখ-১৪২৫


২৬ মে-২০১৯

বিষয়ঃ- খুলনা সদর ভূমি অফিসাধীন “নার্সিং ইন্সটিটিউট এর সম্মুখস্থ খাল” পরিমাপ পূর্বক সীমানা পিলার স্থাপনসহ সরেজমিন তদন্ত প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ- স্মারক নম্বর-৩১.৪৪.৪৭১২.০০০.০০.০১৪.১৯-৭২ (যুক্ত) এবং তারিখ- ০৬/০২/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক পত্রের সদয় নির্দেশ মোতাবেক নিম্ন স্বাক্ষরকারী ও টেকনিক্যাল কমিটির সদস্যগণ খুলনা সিটি করপোরেশনের সহযোগিতায় খুলনা সদর ভূমি অফিসাধীন “নার্সিং ইন্সটিটিউট এর সম্মুখস্থ” খালের সীমানা নির্ধারণ পূর্বক সীমানা পিলার স্থাপনসহ বিস্তারিত প্রতিবেদন দাখিল করেছেন।

এমতাবস্থা, তাদের দাখিলকৃত প্রতিবেদন, নার্সিং ইন্সটিটিউট এর সম্মুখস্থ খালের স্কেচম্যাপ মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হলো।



এ.বি.এম খালিদ হোসেন সিদ্দিকী  
সহকারী কমিশনার (ভূমি)  
সদর ভূমি অফিস  
খুলনা সদর, খুলনা।

জেলা প্রশাসক,  
খুলনা।

বরাবর

সহকারী কমিশনার (ভূমি)

খুলনা সদর ভূমি অফিস

খুলনা।

বিষয় : খুলনা সদর ভূমি অফিসাধীন “তালতলা সংযোগ খালের (নার্সিং ইন্সটিটিউট এর সম্মুখস্থ খাল) সীমানা নির্ধারণ, যথাযথভাবে সংরক্ষণ ও অবৈধ দখলমুক্তসহ পানি চালাচল নিশ্চিত করার জন্য টেকনিক্যাল কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক কাজের প্রতিবেদন দাখিল।


সূত্র : স্মারক নম্বর-৩১.৪৪.৪৭১২.০০০.০০.০১৪.১৯-৭২(যুক্ত) এবং তারিখ-০৬/০২/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ খুলনা মহানগরী র সার্কেল এলাকার পানি নিষ্কাশনের সাথে জড়িত ভূমি, নদী ও খালসমূহের সীমানা নির্ধারণ, যথাযথভাবে সংরক্ষণ ও অবৈধ দখলমুক্তসহ পানি চালাচল নিশ্চিত করার জন্য তালতলা সংযোগ খালের (নার্সিং ইন্সটিটিউট এর সম্মুখস্থ খাল) সীমানা চিহ্নিতঅন্তে সীমানা পিলার স্থাপন করা হয়েছে। যা বর্তমানে নদীর তীরে দৃশ্যমান। উল্লিখিত খালের সম্পত্তির মধ্যে কোন সিকস্তি হয়নি এবং কোন অবৈধ দখলদার নেই।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে দাখিল করা হলো।

  
(মোঃ জামাল হোসেন)  
সার্ভেয়ার  
সদর ভূমি অফিস  
খুলনা সদর, খুলনা।

  
আল-হিসাম চৌধুরী  
সার্ভেয়ার, সম্পত্তি শাখা,

  
(মোঃ নূরজামান তালুকদার)  
এস্টেট অফিসার  
খুলনা সিটি কর্পোরেশন।

  
মোঃ সিদ্দিকুর রহমান  
উপ-সহকারী প্রকৌশলী (পুর)  
বাওনো  
খুলনা।